# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১০০

১/ বিবিধ

আরবী

فضلت على آدم بخصلتين: كان شيطاني كافرا فأعانني الله عليه حتى أسلم، وكن أزواجي عونا لي، وكان شيطان آدم كافرا، وكانت زوجته عونا له على خطيئته

موضوع

أخرجه أبو طالب مكي المؤذن في " حديثه " (ق 233/1) والخطيب في " تاريخ بغداد " (3/331) والبيهقي في " دلائل النبوة " (ج2 باب ما تحدث رسول الله صلى الله عليه وسلم بنعمة ربه) عن محمد بن الوليد بن أبان بن أبي جعفر: حدثنا إبراهيم بن صرمة عن يحيى بن سعيد عن نافع عن ابن عمر قال: قال رسول الله صلى الله عليه وسلم: فذكره

قلت: وهذا إسناد موضوع، آفته أبو جعفر هذا، وهو القلانسي البغدادي، قال الذهبي في " الميزان

" قال ابن عدي: كان يضع الحديث، وقال أبو عروبة: كذاب. فمن أباطيله ... " قلت: فذكر له أحاديث هذا أحدها

قلت: إبراهيم بن صرمة ضعفه الدارقطني وغيره. وقال ابن عدي

عامة حديثه منكر المتن والسند ". وقال أبو حاتم

شيخ

وقال ابن معين

" كذاب خبيث ". كذا في " الميزان

قلت: وقد سود السيوطي كتابه " الجامع الصغير "، فأورد فيه هذا الحديث الباطل من رواية البيهقي وحده في " الدلائل "، فتعقبه المناوي بالقلانسي وقول الذهبي فيه. وفاتته العلة الأخرى وهي ابن صرمة هذا. وأما في " التيسير فقال:
وفيه كذاب

বাংলা

১১০০। দুটি স্বভাবের দ্বারা আমাকে আদমের উপর প্রাধান্য দেয়া হয়েছেঃ আমার শয়তান ছিল কাফের আল্লাহ্ আমাকে তার ব্যাপারে সহযোগিতা করেছেন ফলে সে ইসলাম গ্রহণ করেছে। আর আমার সহধর্মিনীরা আমার সহযোগী ছিল। পক্ষান্তরে আদমের শয়তান ছিল কাফের, আর তার স্ত্রী তার গুনাহের সহযোগী ছিল।

হাদীসটি জাল।

এটি আবু তালেব মাক্কী আল-মুয়ায্যেন তার “হাদীস” গ্রন্থে (কাফ ১/২৩৩), আল-খাতীব "তারীখু বাগদাদ" গ্রন্থে (৩/৩৩১), বাইহাকী "দালায়েলুন নাবুয়াহ" গ্রন্থের দ্বিতীয় খণ্ডে মুহাম্মাদ ইবনু ওয়ালীদ আবু জাফার হতে, তিনি ইবরাহীম ইবনু সারমাহ হতে, তিনি ইয়াহইয়া ইবনু সাঈদ হতে, তিনি নাফে হতে, তিনি ইবনু উমার (রাঃ) হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি বানোয়াট। তার সমস্যা হচ্ছে আবু জাফার। তিনি কালানিসী বাগদাদী। হাফিয যাহাবী “আল-মীযান” গ্রন্থে বলেনঃ ইবনু আদী বলেছেনঃ তিনি হাদীস জাল করতেন। আবু আরূবাহ বলেনঃ তিনি মিথ্যুক। হাদীসটি তার বাতিলগুলোর অন্তর্ভুক্ত...।

তিনি (যাহাবী) তার কতিপয় হাদীস উল্লেখ করেছেন। এটি সেগুলোর একটি।

আরেক বর্ণনাকারী ইবরাহীম ইবনু সারমাহকে দারাকুতনী প্রমুখ দুর্বল আখ্যা দিয়েছেন। ইবনু আদী বলেনঃ তার অধিকাংশ হাদীসের ভাষা ও সনদ মুনকার। আবু হাতিম বলেনঃ তিনি শাইখ। ইবনু মাঈন বলেনঃ তিনি মিথ্যুক খাবীস। “আল-মীযান” গ্রন্থেও অনুরূপ এসেছে।

আর হাফিয সুয়ূতী “আল-জামেউস সাগীর” গ্রন্থে উল্লেখ করে গ্রন্থটিকে কালিমালিপ্ত করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71979

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন